Series ONS

SET-4

Code No. **5**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **12** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘণ্টা*
*Time allowed :3 hours*

*সর্বোমোট অঙ্ক : 85*
*Maximum Marks : 85*

## SECTION - A

**1.** নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1+1+1+1+1=5**

ভারতের সংগীত জগতের অন্যতম উজ্জ্বল নক্ষত্র উস্তাদ বিলায়েত খাঁ-র সঙ্গীতচর্চার মাধ্যম ছিল সেতার এবং সেতারে তিনি ছিলেন অবিসংবাদী সম্রাট। পণ্ডিত রবিশঙ্কর ছাড়া সেতার বাদনে বিলায়েতের তুলনা এ পৃথিবীতে নেই। আমাদের কাছে তিনি আরও গর্বের কারণ এই যে, কলকাতাতেই তাঁর সংগীত জীবনের সূত্রপাত, বিকাশ ও পরিণতি।

বিলায়েত খাঁ-র সম্বন্ধে বলার আগে অবশ্যই উল্লেখ করা প্রয়োজন তাঁর পিতা এনায়েত খাঁ এবং পিতামহ ইমদাদ খাঁ-র নাম। এই দু'জনই ছিলেন সেতার ও সুর বাহারে অত্যন্ত দক্ষ শিল্পী এবং এ কারণেই তাঁদের বাজনাকে 'ইমদাদী ঘরানা' বলে চিহ্নিত করা হয়। সংগীতে সমর্পিত এই পরিবারেই ১৯২৮ সালের ২৮ শে আগষ্ট বিলায়েত খাঁ-র জন্ম। বাবার কাছে তালিম শুরু করেন বছর পাঁচেক বয়সে। মাত্র আট বছর বয়সেই 'অল বেঙ্গল মিউজিক কনফারেন্স-এ প্রথম প্রকাশ্যে সেতার বাজান এবং সংগীত-রসিকদের মনোযোগ আকর্ষণ করেন। কিন্তু তারপরেই মারা যান তাঁর পিতা এনায়েত খাঁ। এনায়েত খাঁ-র অনুপস্থিতিতে কাকা ওয়াহিদ খাঁ-র তত্ত্বাবধানে রেওয়াজ চলতে থাকে। বিলায়েত খাঁ-র সংগীত জীবনে তাঁর মায়ের প্রভাবও অত্যন্ত গভীর, মূলত তাঁর পরামর্শেই গায়ক হবার পথ থেকে সরে এসে বিলায়েত সেতারে মন দেন।

(a) বিলায়েত খাঁ-র খ্যাতির কারণ কী?

(b) 'ইমদাদী ঘরানা' কাকে বলা হয়?

(c) বিলায়েত খাঁ কোথায় প্রথম সংগীত রসিকদের মনোযোগ আকর্ষন করেন?

(d) তাঁর মা তাঁকে কী পরামর্শ দিয়েছিলেন?

(e) 'সরে' শব্দটির সাধুরূপ কী?

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1+1+1+1+1=5**

আজকের দিনে ধর্ম বলতে আমরা প্রধানত বুঝি মানুষের সঙ্গে ভগবানের সম্পর্ক। পূজা-অর্চনা কিংবা ধ্যান-জপ করে, কী করে ভগবানকে পাওয়া যায় ধর্ম সেই পথ দেখিয়ে দেয়, এই আমাদের বিশ্বাস। কিন্তু ধর্মের ইতিহাস পড়লে দেখা যায় যে ভগবানকে পাওয়ার জন্য ধর্ম যতখানি মাথা ঘামিয়েছে, তার চেয়ে ঢের বেশি চেষ্টা করেছে মানুষে-মানুষে সম্পর্ক সভ্যতর করার জন্য। ধর্ম চেষ্টা করেছে ধনী দরিদ্রের পার্থক্য কমাতে, অন্ধ-আতুরের আশ্রয় নির্মাণ করতে এক কথায়, এমন এক নবীন সমাজ গড়ে তুলতে যেখানে মানুষ হানাহানি বর্জন করে, একে অন্যের সহযোগিতায় আপন আপন শক্তির সম্পূর্ণ বিকাশ করতে পারে। বৌদ্ধ এবং জৈনধর্ম এইসব কাজেই মনোযোগ করেছে বেশি- ভগবানের সান্নিধ্য এবং তার সাহায্য সম্বন্ধে উদাসীন হয়ে।

(a) আজকের দিনে প্রধানত আমরা ধর্ম বলতে কী বুঝি?

(b) ভগবানকে কীভাবে পাওয়া যায় বলে আমাদের বিশ্বাস?

(c) ধর্ম আসলে কী চেষ্টা করেছে?

(d) বৌদ্ধ ও জৈনধর্ম কোন্ কাজে বেশি মনোযোগ দিয়েছে?

(e) 'মনোযোগ' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে কী হবে?

## SECTION - B
## (Grammar)

3. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে **যে কোনো একটির** দু'টি উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : **3+2=5**

(a) স্বরভক্তি (b) অপিনিহিতি (c) স্বরসঙ্গতি

4. **যে কোনো একটি** অলঙ্কারের উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : **2+3=5**

(a) উপমা (b) শ্লেষ (c) যমক

**অথবা**

অলঙ্কার নির্ণয় করো এবং সংজ্ঞা লেখ : **(একটি)**

(a) মধুহীন কোরোনাগো তব মনঃ কোকনদে

(b) হৃদয় আমার নাচে রে আজিকে ময়ূরের মত নাচে রে

(c) ওই সিন্দুর টিপ সিংহল দ্বীপ কাঞ্চনময় কেশ

**5.** **যে কোনো চারটি** বাগ্‌ধারা/প্রবাদের অর্থ লিখে একটি করে বাক্যরচনা কর : **2x4=8**

ডুমুরের ফুল, অতি চালাকের গলায় দড়ি, চোরে চোরে মাসতুতো ভাই, অমাবস্যার চাঁদ, বেল পাকলে কাকের কী, দশের লাঠি একের বোঝা, এঁচোড়ে পাকা, বাড়া ভাতে ছাই।

## SECTION - C
## (Composition and Writing)

**6.** নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হ'ল। এটি পড়ে প্রদত্ত প্রশ্ন গুলির উত্তর দাও : **2+2+2=6**

সম্প্রতি দেশের নানা জায়গায় ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব দেখা গিয়েছে। শহর এলাকা গুলিতেই যেন এই রোগের প্রকোপটা বেশি। এক শ্রেনীর মশাই এই রোগের আক্রমণের কারণ। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বেশ কিছু লোক মারা গেছে। তাই সরকারের পক্ষ থেকে জনসাধারণের মধ্যে এই রোগের সংক্রমণের কারনগুলি সম্বন্ধে সচেতনতা বৃদ্ধির চেষ্টা চলছে। জনবসতিপূর্ণ স্থানগুলিতে রঙ্গীন বড়-বড় পোষ্টার লাগিয়ে তাতে ছবি যোগ করে মশার বংশবৃদ্ধি রোধ করার উপায় সম্বন্ধে জনসাধারণকে অবহিত করা হচ্ছে। মানুষের শরীরে ডেঙ্গু রোগের সংক্রমণ হলে কী কী লক্ষণ প্রকাশ পায় সেগুলি-ও ঐ পোষ্টারগুলিতে জানানো হচ্ছে। ঘনবসতিপূর্ণ এলাকায় মশানাশক ধোঁয়া ছড়িয়ে-ও চেষ্টা করা হচ্ছে যাতে ডেঙ্গু না ছড়ায়। কিন্তু এত চেষ্টা সত্ত্বেও এই রোগটিকে ঠিক বাগে আনা যাচ্ছে না।

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও ।

(b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

(c) 'ডেঙ্গু' সম্বন্ধে জনসাধারণকে অবহিত করার জন্য সরকার কী করছেন?

7. আগামী পরীক্ষার জন্য তোমার প্রস্তুতি কেমন হয়েছে তা জানিয়ে মাকে একটি চিঠি লেখ। **3+3=6**

**অথবা**

নানা ধর্মের দেশ ভারতবর্ষে লোকেরা বহু প্রাচীন কাল থেকে কীভাবে শান্তিপূর্ণভাবে অবস্থান করছে সে সম্বন্ধে তোমার মত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

## SECTION - D

## (Literature)

8. 'মরে গেল! না খেয়ে মরে গেল'! **1+1+3=5**

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন্ গল্পের অংশ?

(b) কে, কখন উক্তিটি করেছেন?

(c) এরপর কী ঘটেছিল?

**অথবা**

'-একন চান করব নে। মাতায় জল পড়লে পেট মানতে চায়নে মোটে'।

(a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের থেকে নেওয়া?

(b) কথাটি কে বলেছেন?

(c) তাঁর এই উক্তির কারণ কী?

9. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) **যে কোনো পাঁচটি :** **1x5=5**

(a) ‘এ সংসারে সব কিছুই চলে কার নিয়মে?

(A) পিসিমা

(B) বড় বৌ

(C) বাসিনী

(b) লোকটার চাহনি প্রথম থেকেই কার ভালো লাগেনি?

(A) ছোট বউয়ের

(B) পিসিমার

(C) বড় বউয়ের

(c) মৃত্যুঞ্জয় ভেঙে পড়েছিল কারণ :

(A) তার শরীর দুর্বল ছিল

(B) অনাহারে মৃত্যুর ঘটনা সে সহ্য করতে পারছিল না

(C) টুনুর মা শয্যাশায়ী হয়েছিল

(d) উচ্ছ্বককে মারতে মারতে ওরা থানায় নিয়ে গিয়েছিল কারণ :

(A) উচ্ছ্বব অশৌচবাড়ির ভাত খেয়েছিল

(B) তাদের ধারণায় উচ্ছ্বব পেতলের ডেকচি চুরি করেছিল

(C) চুক্তি অনুযায়ী কাজ উচ্ছ্বব করেনি

(e) বৃষ্টির সঙ্গে বাতাস জোরালো হলে বলে :

(A) ডাওর

(B) পউষে বাদলা

(C) ফাঁপি

(f) বাজারে বিদ্যুৎ থাকলেও গ্রামে বিদ্যুৎ নেই কারণ :

(A) গ্রামের লোকেরা বিদ্যুতের ব্যবহার জানে না।

(B) সরকারী সুযোগসুবিধা বেশিরভাগ শহরে দেওয়া হয়, গ্রাম থাকে বঞ্চিত।

(C) গ্রামবাসীরা বিদ্যুৎ চায় না।

(g) ভট্‌চাজ মশাইয়ের কথা অনুযায়ী, মুমূর্ষু বুড়ি বলেছিল :

(A) শ্রীহরি শ্রীহরি শ্রীহরি

(B) দুর্গা দুর্গা

(C) হরিবোল হরিবোল

(h) মৃত্যুঞ্জয়ের কার্যকলাপ সমর্থনযোগ্য নয় কারণ সে :

(A) আবেগসর্বস্ব, নিজের পরিবারের কথা ভাবেনা

(B) পরোপকারী, অন্যকে দান ধ্যান করে

(C) আপনভোলা, কাজকর্ম্ম করে না

**10.** সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : **5**

শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়।

**অথবা**

আমি তা পারি না। যা পারি কেবল

সে-ই কবিতায় জাগে

**11.** ‘আমৃত্যুর তপস্যা এ জীবন’- **1+1+3=5**

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ?

(b) ‘আমৃত্যু’ শব্দটির অর্থ কী?

(c) এ জীবন তপস্যা কেন?

**অথবা**

‘চোখ তো সবুজ চায়!

দেহ চায় সবুজ বাগান’-

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত?

(b) চোখ কেন সবুজ চায়?

(c) এই কবিতায় ‘সবুজ’ শব্দটি বার বার কেন ব্যবহৃত হয়েছে?

**12.** ‘শিল্পকে যে ভালোবেসেছে-তার বার্ধক্য নেই’ : **2+3=5**

(a) কে কাকে এই উক্তিটি করেছেন?

(b) উক্তিটির তাৎপর্য লেখ।

**অথবা**

‘পাবলিক? এই মাঝরাতে পাবলিক এখন থিয়েটার দেখে-টেখে গিয়ে টেনে ঘুম লাগাচ্ছে।’

(a) বক্তা কে? কাকে বলছেন?

(b) উক্তিটির তাৎপর্য লেখ।

13. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) **যে কোনো পাঁচটি :** **1x5=5**

(a) অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায় কার পোশাকে ঘুমোচ্ছিলেন?

(A) ঔরঙ্গজেব

(B) দিলদার

(C) সাজাহান

(b) কালীনাথ রোজ লুকিয়ে গ্রীনরুমে ঘুমোতেন কারণ :

(A) তাঁর শোবার জায়গা ছিলনা

(B) গ্রীনরুম তাঁর পছন্দ ছিল

(C) থিয়েটারের মালিক তাঁকে এই নির্দেশ দিয়েছিলেন

(c) রজনীকান্তর মতে অভিনেতার কোন-

(A) সামাজিক সম্মান নেই

(B) হাততালির প্রত্যাশা নেই

(C) থিয়েটার প্রীতি নেই

(d) ‘মহম্মদের ক্যাচটা দাও তো’ এখানে ‘ক্যাচ’ মানে :

(A) ক্রিকেটের মাঠে বল লুফে নেওয়া

(B) অভিনেতার সঠিক সংলাপ বলবার জায়গা

(C) কাঁচি দিয়ে কাটা

(e) মঞ্চে প্রবেশ কালে রজনীকান্তের হাতে কী ছিল?

(A) জ্বলন্ত প্রদীপ

(B) জ্বলন্ত মোমবাতি

(C) জ্বলন্ত টর্চ

(f) রজনীকান্তের হতাশার কারণ :

(A) একাকীত্ব

(B) মদ্যপান

(C) বুড়ো বয়সের ভীমরতি

(g) 'সাজাহান' নাটকটির রচয়িতা কে?

(A) রজনীকান্ত সেন

(B) দ্বিজেন্দ্রলাল রায়

(C) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

**14.** ''পাতায় পাতায় জয় **2+3=5**

জয়োৎসবের ভোজ বানাত কারা?

(a) কার লেখা, কোন কবিতার অন্তর্গত?

(b) এই অংশের তাৎপর্য লেখ।

**অথবা**

'কে বানিয়েছিল সাত দরজাঅলা থিব্স? বইয়ে লেখে রাজার নাম রাজারা কি পাথর ঘাড়ে করে আনত?'

(a) কার লেখা, কোন্ কবিতার অংশ?

(b) এই অংশের তাৎপর্য লেখ।

**15.** ''এদের মধ্যে একজন মুস্তাফা'' **1+4=5**

(a) লেখক মুস্তাফাকে কোথায় দেখেন?

(b) এই রকম জায়গায় তার স্থান হ'ল কেন?

**অথবা**

“‘আরে এ যে আমাদের রামদুলালবাবু, আমরা যাঁর বাড়িতে থাকি!’’

(a) বক্তা রামদুলালবাবুকে কোথায় দেখতে পান?

(b) এরপরে কী ঘটেছিল?

**16.** সঠিক উত্তরটি নির্বাচন কর। (MCQ) **যে কোনো পাঁচটি :** **1x5=5**

(a) চেংমানকে ছাতা দিয়েছিল :

(A) কুটিশ্বর সাহা

(B) মনোমোহন মহাজন

(C) একজন হাজং

(b) ‘মালঘর’ বলতে বোঝায় :

(A) যেখানে জমিদারের ধনরত্ন লুকোনো থাকত

(B) যেখানে প্রজাদের আটকে রাখা হ’ল

(C) মালপত্র রাখার ঘর

(c) ‘কম্বলধোলাই’ মানে :

(A) কম্বল ধোবার একটি পদ্ধতি

(B) কয়েদীদের জন্য একপ্রকার শাস্তি

(C) কয়েদীরা অসুস্থ হলে যে কম্বলে তাদের শোয়ানো হয়

(d) হাজং মানে :

(A) পোকা

(B) সিংহ

(C) পাখি

(e) বক্সা জেলটি রয়েছে :

(A) বিহারে

(B) শিলিগুড়িতে

(C) ভুটান সীমান্তে

(f) 'মধুকুলকুলি' হচ্ছে :

(A) এক জাতের পাখি

(B) একরকম আম

(C) একটি নদী

(g) সেই দু'টি জ্বলন্ত চোখ কী চায়?

(A) যুদ্ধ

(B) শান্তি

(C) বিদ্রোহ

(h) মোনাঠাকুর গিয়েছিল :

(A) কলকাতায়

(B) মুম্বাইতে

(C) বক্সায়